

খুলনা বিশ্ববিদ্যালয়ের এক দশক পূর্তি

খালেদা জিয়া আজ আসছেন

খুলনা প্রতিনিধি : রাজনীতিমুক্ত খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের এক দশক পূর্তি উপলক্ষে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানমালার উদ্বোধন করতে রোববার প্রধানমন্ত্রী খালেদা জিয়া খুলনায় আসছেন। এ উপলক্ষে খুলনা বিশ্ববিদ্যালয়ে চলছে সাজসাজ রব।

অনুষ্ঠানকে সফল ও সুন্দরভাবে বাস্তবায়ন করতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের নিয়ে গঠিত ১০টি উপ-কমিটি ইতিমধ্যে তাদের ওপর অর্পিত দায়িত্ব রাস্তাবায়নের জন্য চলতি সপ্তাহে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের সামগ্রিক ছুটি বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠের উত্তর প্রান্তে তৈরি করা হয়েছে উন্মুক্ত মঞ্চ। ক্যাম্পাসের দৌন্দর্য বৃদ্ধির জন্য খুলনা বিশ্ববিদ্যালয়ের রাস্তার দুই

পাশ সাজানো হয়েছে রঙ-বেরঙের পতাকা দিয়ে। সারি-সারি গাছে চুন ও রং করার কাজ চলছে। অপরিচ্ছন্ন ও ভাঙা রাস্তাগুলোকে মেরামত করে পরিচ্ছন্ন করা হয়েছে। গত বৃহস্পতিবার ক্যাম্পাসে তৈরি হেলিপ্যাডে হেলিকপ্টার অবতরণের মধ্য দিয়ে নিরাপত্তা বাহিনী তাদের অনুষ্ঠান প্রাক-মহড়া সম্পন্ন করেছে।

উল্লেখ্য, খুলনাবাসীর দীর্ঘদিনের আন্দোলনের ফসল হিসেবে ১৯৮৭ সালের ৪ জানুয়ারি খুলনা বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়। ১৯৯১ সালে বিশ্ববিদ্যালয়ে চারটি ডিসিপ্রিনের আওতায় ৮০ জন শিক্ষার্থী নিয়ে আনুষ্ঠানিকভাবে শিক্ষার কার্যক্রম শুরু করে। বর্তমানে ৫টি কুলের অধীনে ১৬টি ডিসিপ্রিনে ৩ হাজার শিক্ষার্থী অধ্যয়ন করছে।